DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 09:57 PM

জাতীয়

# বৃষ্টিতে ডুবল রাজধানী, ভোগান্তিতে নগরবাসী

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ১২ জুলাই ২০২৬, ০১:২৪ PM



রাতভর মুষলধারে বৃষ্টিতে ডুবল রাজধানী। রোববার (১২ জুলাই) কর্মদিবসের প্রথম সকালেও বৃষ্টি না কমায় ঢাকার প্রধান সড়ক থেকে শুরু করে অলিগলি থইথই করছে পানি। রেকর্ড পরিমাণ বৃষ্টিপাতে তৈরি হওয়া এই জলাবদ্ধতায় দিনের শুরুতেই চরম ভোগান্তিতে পড়েছেন নগরবাসী। বিশেষ করে অফিসগামী যাত্রী এবং জরুরি প্রয়োজনে বের হওয়া মানুষকে পড়তে হয়েছে তীব্র বিড়ম্বনায়।

আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, শনিবার দিবাগত রাত ১২টা থেকে রোববার সকাল ৬টা পর্যন্ত মাত্র ৬ ঘণ্টায় রাজধানীতে ৭৬ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

আবহাওয়াবিদ মো. তরিকুল নেওয়াজ কবীর জানান, চলতি জুলাই মাসের এই সময়ের মধ্যে রাজধানীতে এটিই সর্বোচ্চ বৃষ্টিপাত। স্বল্প সময়ের মধ্যে এত বেশি বৃষ্টি হওয়ায় নগরীর বিভিন্ন এলাকায় দ্রুত জলাবদ্ধতা তৈরি হয়েছে।

সরেজমিন রাজধানীর বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, সকাল সাড়ে ৬টার মধ্যেই গ্রিনরোড, তেজতুরী বাজার, পান্থপথ, বসুন্ধরা আবাসিক এলাকা, মণিপুর, ধানমন্ডি ২৭ ও ৩২ নম্বর এলাকা, মোহাম্মদপুর, কালশী, মৌচাক, মালিবাগ, মতিঝিলসহ বিভিন্ন সড়ক পানিতে তলিয়ে গেছে। প্রধান সড়ক ও ভেতরের রাস্তাগুলোতে কোথাও গোড়ালি, আবার কোথাও হাঁটুপানি জমে থাকায় যানবাহন চলাচল প্রায় থমকে গেছে। অনেক অলিগলি ও সংযোগ সড়ক পানির নিচে চলে যাওয়ায় বাসা থেকে বের হওয়া কঠিন হয়ে পড়ে। অন্যদিকে কয়েকটি এলাকায় সড়ক ও ফুটপাতের পার্থক্য বোঝা কঠিন হয়ে পড়ে। এতে পথচারীরা ঝুঁকি নিয়ে চলাচল করেন।

সবচেয়ে নাজুক ও বেশি জলাবদ্ধতার চিত্র দেখা গেছে শেওড়াপাড়া এলাকায়। সেখানে প্রধান সড়কের পাশাপাশি আশপাশের প্রায় সব অলিগলিই এখন পানির নিচে।

শেওড়াপাড়ায় বাসের জন্য দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকা বেসরকারি চাকরিজীবী জামাল উদ্দিন ক্ষোভ প্রকাশ করে বলেন, “সপ্তাহের প্রথম দিনই সাতসকালে এই দশা। মেইন রোডেই হাঁটুপানি, গলির ভেতর তো আরও বেশি। রিকশাওয়ালারা দ্বিগুণ ভাড়া চাচ্ছে, বাসেও ওঠা যাচ্ছে না। প্রতি বছরই তো ড্রেন পরিষ্কারের কথা শুনি, কিন্তু বৃষ্টি হলেই কেন এভাবে আমাদের ডুবতে হয়?”

নগরবাসীর দীর্ঘদিনের অভিযোগ, অপরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা এবং সামান্য বৃষ্টিতেই ঢাকার এভাবে তলিয়ে যাওয়ার পুরোনো সংকট থেকে এখনও মুক্তি মেলেনি।

---

## এ বিভাগের আরও খবর




**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**
গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**
ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...



### সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/brishtite-dubl-rajdhani-bhogantite-ngrbasi